



LIBERTY

JUSTICE

EQUALITY

CENTRE FOR PROTECTION OF DEMOCRATIC RIGHTS AND SECULARISM
(CPDRS)

WEST BENGAL STATE COMMITTEE

Office: 77/2, Lenin Sarani, Kolkata- 700 013

Mob: 9883717575, 8420094883

Email: cpdrs.india@gmail.com

বারুইপুরে ধর্ষণ কান্ডে এক অভিযুক্তের এনকাউন্টারে হত্যার প্রতিবাদ জানিয়ে মানবাধিকার সংগঠন সিপিডিআরএস পশ্চিমবঙ্গ রাজ্য কমিটির সম্পাদক রাজকুমার বসাক আজ (০৮.০৭.২০২৬) এক বিবৃতিতে বলেন,

"বারুইপুরের ধর্ষণ কান্ডের পুনর্নির্মাণের সময় মাঝরাতে এক অভিযুক্তকে এনকাউন্টারে খুন করা হয়েছে। প্রতিটি এনকাউন্টারে পুলিশের রিভালভার ছিনিয়ে নেওয়ার যে বহু চর্চিত ক্লিশে কাহিনী আমরা শুনি, এখানেও তাই বলা হয়েছে। আমাদের আশঙ্কা, আইন, বিচার, সংবিধান, গণতন্ত্র সব অস্বীকার করে এটি একটি রাষ্ট্রীয় হত্যা, একটি পরিকল্পিত খুন।

অভিযোগ উঠেছে, বিজেপি আরএসএস এর দলীয় অপরাধীদের বাঁচাতে প্রত্যক্ষদর্শী এক সাক্ষীকে খুন করা হলো, এই অভিযোগেরও বিচার হওয়া দরকার। আমরা দাবি করছি, আইন অনুযায়ী পুলিশের বিরুদ্ধে কেস করতে হবে এবং পুলিশকে প্রমাণ করতে হবে, এটা সত্যিই এনকাউন্টার। অন্যথায় সেই পুলিশেরও খুনের দায়ে সাজা হতে হবে।

সুপ্রিম কোর্টের রায়ে এবং জাতীয় মানবাধিকার কমিশনের নির্দেশিকায় এনকাউন্টার নিষিদ্ধ। অথচ আমাদের মুখ্যমন্ত্রীর 'সকালে ধরবো, বিকেলে খালাস' মাফিয়া সুলভ উস্কানি পুলিশকে এনকাউন্টারে খুন করতে উৎসাহিত করছে। কোনো সভ্য সমাজে এ জিনিস চলতে পারে না। আমরা মানবাধিকার সংগঠন সিপিডিআরএস বারুইপুরের ধর্ষণ কান্ড ও এনকাউন্টার হত্যার উচ্চ পর্যায়ের বিচার বিভাগীয় তদন্ত ও দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করছি।"